হুয়ালগণী ॥

আজিমী সুলভ পুস্তকালয়ের ॥


ছহি সোনাভান।

---০ঃ)*(ঃ০---

সায়ের

ছৈয়েদ হামজা মগুরম সাহেব ॥

প্রকাশক



ঢাকা চওক মসজিদ।

ঢাকা চওক বাজার মসজিদের
নিচে আমার আজিমী প্রেসে
খুব ছহি করিয়া এই
সোনাভান দ্বিতীয়
বার ছাপাইলাম ॥

সন ১৩২০ সাল
শ্রীহামিদর রহমান খাঁ প্রিণ্টার দ্বারা মূদ্রিত।

মূল্য ৵০ দূই আনা

হুয়ালগণী ॥

আজিমী সুলভ পুস্তকালয়ের ॥


ছহি সোনাভান।

---০ঃ)*(ঃ০---

সায়ের

ছৈয়েদ হামজা মহুরম সাহেব ॥

প্রকাশক



ঢাকা চওক মসজিদ।

ঢাকা চওক বাজার মসজিদের
নিচে আমার আজিমী প্রেসে
খুব ছহি করিয়া এই
সোনাভান দ্বিতীয়,
বার ছাপাইলাম ॥

সন ১৯২০ সাল

শ্রীহামিদর রহমান খঁ প্রিণ্টার দ্বারা মুদ্রিত।

মূল্য ৵০ দুই আনা

✻ হককনাম ভরসা ✻

ছহি সোনাভান।

আল্লা২ বল ভাই নবি কর সার ॥ নবির কলেমা পড়ে হয়েজাবে পার✻ আল্লা২ বল ভাই যত মমিন গণ ॥ মহাম্মদ হানিফার কিছু সোনা বিবরণ✻ যতেক কছেল্লা পাইল হানিফা পাহালওান ॥ সে সব দুঃখের কিছু করিব বয়ান ✻ যার জঙ্গ করে মর্দ্দ কেতাবে খবর ॥ তের জঙ্গ লিখা জায় টুঙ্গির সহর ✻ সোনাভান নামে বিবী বাদসা সে সহরে ॥ কুয়াতের হদ্দ আল্লা দিয়াছে তাহারে ✻ এক রোজ সোনাভান কহেন উজিরে ॥ এছো কেহ জোরে পারে পাছাড়ে আমারে ✻ উজির কহেন বিবী সোন সে খবর ॥ মহাম্মদ হানিফা নামে আরব্ব সহর ✻ হজরত আলীর বেটা রছুলের নাতি ॥ আপনা কুওাতে মর্দ্দ ফেড়ে ডালে হাতি ✻ বড়া জোরওার মর্দ্দ দুনিয়া ভিতরে ॥ লড়িতে তাহার সহিত কেহ নাহি পারে ✻ তাহার সহিত যদি চাহ লড়িবারে ॥ কোমর বান্দিয়া চল মদিনা সহরে ✻ সোনাভান বলে আমি জাব মদিনায় ॥ হানিফা কেমন মর্দ্দ দেখিব তাহায় ✻ মদিনার লোকে আমি বান্দিয়া আনিব ॥ তবেত আপন দেশে মুখ দেখাইব ✻ একেলা যাইয়া যদি একাম না করি ॥ সোনাভান নাম আমি বৃথা তবে ধরি ✻ উজির কহেন বিবী না কর বড়াই ॥ তার সাতে লড়ে কেহ দুনিয়াতে নাই ✻ তকব্বরি যে কেহ করিল তার সাতে ॥ সাজাই করিল তারে আপনার হাতে ✻ আল্লার মেহের আছে হানিফা উপরে ॥ কেহনা আটিতে পারে দুনিয়া ভিতরে ✻ সোনাভান বলে শুন উজির আমার ॥ আমি যে বড়াই করি আমার দেবতার ✻ ঠাকুরের জোরে আমি করি এত জোর ॥ নহে কি বড়াই করি সাধ্য কিবা মোর ✻ একথা শুনিয়া আল্লা হইল বেজার ॥ কার খায় কার গায় বড় অবিচার ✻ হানিফা খোওাব দেখে পালঙ্গে শুইয়া ॥ টুঙ্গি সহরে জাও সেতাবি করিয়া

সোনাভান নামে বিবী থাকে সে সহুরে ॥ জোরেতে ধরিয়া তুমি সাদি কর তারে * জোরের বড়াই করে না দান আওরত । আল্লাকে না চেনে মানে আপনার বোত * খোওাব দেখিয়া তুমি যদি থাক ঘরে ॥ বেজার হইবে আল্লা তোমার উপরে * এমন খোওাব মর্দ্দ দেখিল যখন ॥ নিন্দের খুমার গেল হইল চেতন * চারি দিগে চেয়ে দেখে না দেখে কাহারে ॥ ভাবিতে২ আইল ঘরের দুয়ারে * হানিফার মাতারি যে দেখিয়া হানিফায় ॥ পুছিল কি হাল বাবা কহনা আমায় * হানিফা কহেন বাত মায়ের জোনাবে ॥ বড় মুস্কিলের বাত দেখিনু খোওাবে হোনুফা বলেন বাবা কি স্বপন শুনি ॥ কি লাগিয়া দেল তেরা এত পেরেসানি * খোওাবের ভেদ কহে মায়ের হুজুরে ॥ সোনাভান নামে বিবি টুঙ্গির সহুরে * জোরের বড়াই করে না চিনে খোদায় ॥ বেহায়া আওরত ফেরে সয়তানি দাগায় * মদিনাতে আসে বিবী বান্দিয়া কোমর ॥ আমাকে জাইতে হইল টুঙ্গির সহর * হানুফা বলেন যদি এমন দেখিলে ॥ বিদায় করিনু যাহ আল্লা ভেবে দেলে * একথা শুনিয়া মর্দ্দ কোমর বান্দিয়া ॥ ছালাম করিয়া চলে বিদায় হইয়া * এগানা বেগানা ছিল যত দোস্তদার ॥ তাহারা আসিয়া কহে কিবা সমাচার * কি নাম কোথায় জাবে কহ পাহালওান ॥ হানিফা স্বপন কথা করিল বয়ান * আল্লা যদি ফতে দেয় আসিব ফিরিয়া ॥ নহে এই দেখা শুনা চলিনু করিয়া * এ কথা শুনিয়া সবে লাগিল কান্দিতে ॥ দোয়া দিল আল্লা যেন দেয় তেরা ফতে * ইয়ার সবার কাছে বিদায় হইয়া ॥ বাহির দালানে মর্দ্দ পৌছিল আসিয়া * ডাকিয়া হুকুম করে সইসের তরে ॥ জিন বন্দি করে ঘোড়া এনে দেহ মোরে * সহিস শুনিয়া ঘোড়া করিয়া তৈয়ার ॥ জরদরঙ্গ ঘোড়ার জিন বান্দিল সোনার সোনার লাগাম তার দিয়া আনে মুখে ॥ নেজা গোর্জ্জ তির তেগ কামান দুদিগে * সহিস আনিল ঘোড়া করিয়া সাজন ॥ হানিফা দেখিয়া খুসি হইল মনে মন * বিছমিল্লা বলিয়া মর্দ্দ ঘোড়ায় চড়িল ॥ মায়ের নিকটে ফের আসিয়া পৌছিল * হানুফা কহিল বাবা নিধনের ধন ॥ মদিনা জাবার তরে করিলা গমন * এতেক কহিয়া বিবী লাগিল কান্দিতে ॥ হানিফা কহেন মাতা কহি কদমেতে * হাছেন হোছেন ভাই আছে দুইজন ॥ পাছে নাকি দাগা দেয় আসিয়া দুস্মন * আপন খুসিতে মোরে দেহনা বিদায় ॥ সেতাবি খবর আনি জেয়ে মদিনায় * মোলাকাত করি আমি দুই ভায়ের সাথে ॥ খোওাবের নামা জিওপাই

যেন কতে ❋ কি জানি দু ভায়ে যদি মারে দাগা দিয়া ॥ আফছোছের তিরে দিবে কলেজা ছেদিয়া ❋ হনুফা কহিল তুঝে শুপিনু খোদায় ॥ সেতাবি খবর লেহ যেয়ে মদিনায় ❋ আলির ফরজন্দ তুমি আমার সেকমে ॥ সরম না পাও যেন রাড়ের মহিমে ❋ মায়ের হুকুম লিয়া হানিফা মর্দ্দানা ॥ মদিনা জাইতে মর্দ্দ হইল রওানা ❋ এলাহি ভাবিয়া মর্দ্দ রাত দিনে চলে ॥ কত দিন মদিনা সহর গিয়া মেলে ❋ রওজা মোবারকে জেয়ে ভেজিল দরুদ ॥ দোয়া মাঙ্গে নবি আগে ইমান সাবুদ ❋ দোওা কর নানা নবি জাব মহিমেতে ॥ কোন রূপে ধরে আনি বেহায়া আওরতে ❋ টুঙ্গির সহরে থাকে নাম সোনাভান পিটপরে আপনি রহিবে মেহেরবান ❋ আওরত বাদসাই করে সহিতে না পারি ॥ এই রূপে হানিফা মর্দ্দ করে বড়া জারি ❋ রওজা মোবারক হইতে বিদায় হইয়া ॥ ফাতেমা জোহরা জেথা পৌছিল জাইয়া ❋ হাছেন হোছেন ছিল দহলিজে বসিয়া ॥ হানিফা ছালাম করে কদম চুমিয়া ❋ হানিফার গলা ধরে মেলে দুই ভাই ॥ খুসি খোসালিত দেখে হইল সবাই ❋ হাল হকিকত পুছে হানিফা খাতির ॥ হানিফা স্বপন বাত করিল জাহির ❋ হাসেন হোসেন সুনে খোসাল অন্তর ॥ ফাতেমা বিবী আগে দিলেন খবর ❋ শুনিয়া ফাতেমা বিবী ডাকিল মহলে ॥ খুসির তুফান যেন বহে তার দেলে ❋ হানিফা জাইয়া বোছা দিল কদমেতে ॥ ফাতেমা করিল দোয়া দেল খোসালিতে ❋ হকিকত যত সব পুছে হানিফায় ॥ হানিফা তামাম বাত কহিলেন মায় ❋ স্বপনের কথা যত কহে ফাতেমারে ॥ শুনিয়া ফাতেমা বলে ভয় কর কারে ❋ আওরত হইয়া যে করে এত জোর ॥ জাইয়া সাজাই কর ডর কিবা তোর ❋ এ কথা শুনিয়া আল্লা হইল বেজার ॥ আজ কেন নাম বিবী ভুলিল আমার ❋ থোরেক সাজাই দিব হানিফার তরে ॥ দেখিব ফাতেমা বিবী কি করিতে পারে ❋ হেথা সে হানিফা মর্দ্দ খুসি খোসালিতে ॥ মায়ের খেদমত করে থাকি মদিনাতে ❋ দুই চারি রোজ এছা গেল গোজারিয়া ॥ এক দিন স্বপন দেখে বিছানে সুইয়া ❋ সোনাভান নামে বিবী এসে ছেরানায় ॥ হানিফার গায়ে হাত আসিয়া ফেরায় ❋ হানিফা খোয়াবে কহে তুমি কোন জন ॥ টুঙ্গির সহরে থাকি কহিল স্বপন ❋ সোনাভান নাম মেরা ছিনু আরামেতে ॥ তোমার ছুরত আমি সুনিয়া কানেতে ❋ সেই হৈতে দেল মেরা আছে বেকারার ॥ [illegible]কিতে না পারি আইনু দেখতে দিদার ❋ কামা নলে পুরে আ[illegible] [illegible]হারখার

সর্ব্বাঙ্গ জুড়াও মোরে করিয়া স্নেহার ❋ নহেত মরিব পুরে আসক আগুনে ॥ হানিফা করিল তওবা হাত দিয়া কানে ❋ ফি কহিব নাহি কহ এমন কালাম ॥ বেগানা রাড়ের মুখ আমাকে হারাম ❋ রছুলের নাতি আমি আলীর ফরজন্দ ॥ ইহার লায়েক তুমি করিলে পছন্দ ❋ তবে যদি নেকা বেহা হয় তেরা সাতে ॥ তবেত মনের আগ পানি নিভাইতে ❋ বিবী বলে তবে তুমি যাবে মোর দেশে ॥ দুজন করিব খুসি মনের আবেসে ❋ তার পরে হানিফার নিন্দ গেল ছুটে ॥ সাহা জাদি সোনাভানে না দেখে নিকটে ❋ হায়২ করে মর্দ্দ উঠিল কান্দিয়া কোথা গেল সাহাজাদি আমারে ত্যজিয়া ❋ কবে ফের মোলাকাত হবে তার সাত ॥ তুতি জবানের মত কে সুনাবে বাত ❋ যে রূপে দেখিনু আজ না দেখি কোথায় ॥ টুঙ্গির সহরে জাব জা করে খোদায় কান্দিতে২ রাত গোজারিয়া গেল ॥ বেহান হইল মর্দ্দ বাহিরে আইল বসিয়া রহিল মর্দ্দ হইয়া দেলগির ॥ উঠিয়া চলিয়া গেল হইয়া বাহির কারে না কহিয়া মর্দ্দ ঘোড়ায় চড়িয়া ॥ হাতিয়ার পোসাক লিয়া চলে নেকলিয়া ❋ কতদুর গিয়া মর্দ্দ রাহা ঢুরে ফেরে ॥ কেমনে জাইব আমি টুঙ্গির সহরে ❋ কোন রাহে গেলে পাব বিবীরে দেখিতে ॥ মোলাকাত কেমনেতে হবে তার সাতে ❋ কিছু না ঠেকানা পাব ভাবে দেলে২ ॥ পয়ার ছাড়িয়া এবে ত্রিপদীতে বলে ❋

ত্রিপদী ❋ হানিফা একেলা পথে, ভাবে জাব কেমনেতে, কে মোরে দেখায়ে দিবে রাহা ॥ আল্লা বিনে নাহি গতি, সেইত সঙ্গের সাতি, তাহা বিনে নাহি মোর চাহা ❋ রাখ মার সব পার, জোর নাহি চলে কার, তোমার সে মহিমা অপার ॥ দয়া কর জদি বারি, তবেত জাইতে পারি, নহে কিবা জোগ্যতা আমার ❋ এইরূপে জুড়ে হাত, করে মর্দ্দ মনাজাত, একিদাতে আল্লার দরগায় ॥ এলাহি হইল সখা, এক মর্দ্দ পাইল দেখা, খেজেরের মত সে রাহায় ❋ জুব্বা পিরাহন গায়, খড়ম আছিল পায়, তছবি গলে আসা যে মূছার ॥ হানিফারে দেখে মর্দ্দ দেলেতে পাইয়া দর্দ্দ, পুছে কেন আছহে লাচার ❋ হানিফা বলেন পির, পেরেসান যে খাতির, শুন তুজে কহি সে খবর ॥ সোনাভান বিবী নামি, তাহার আসক আমি, ঘরতার টুঙ্গির সহর ❋ খোয়াবে দেখিয়া তারে, কহে না বলিয়া কারে, আইনু এই ময়দানের বিচে ॥ কোন দিগে ঘর তার, নাহি জানি সমাচার, এ খবর পুছি কার কাছে আপনি [illegible] করে, জান যদি কহ মোরে, তবে প্রাণ বাচেত আমার

কহে পির হানিফারে, জাবে যদি সে সহরে, খাবে পিবে কি আছে তোমার ❋ ছয়মাস ময়দানেতে, লোক জন নাহি পথে, জাবে তবে পাবে সে সহর ॥ হানিফা শুনিয়া কয়, মনেতে পাইয়া ভয়, খাব কিবা সঙ্গে নাই মোর ❋ পির বলে জাহ ঘরে, বলে আইস সবাকারে, আর আন খাবার খোরাক ॥ এই রাহে জাহ তুমি, দেলে না করিবে গমি, দেলে ভেবে জাহ আল্লা পাক ❋ খাব পিব নাহি সাতে, ঘরে জাব কেমনেতে, সরম হইবে বড়া তায় ॥ হেম্মত করিয়া দেলে, আপন ঘোড়াকে বলে, চলে জাব জা করে খোদায় ❋ সুনরে দুল দুল ঘোড়া জোর তুমি কর থোরা, হয় তবে মতলব হাছেল ॥ ছয়মাস রাহা গুনে, জেতে পার ছয় দিনে, তবেত খোসাল হয় দেল ❋ শুনিয়া দুল২ ঘোড়া, খুসিতে কুদিল বড়া, হানিফা সওার হৈলতায় ॥ ঘোড়াকে এসারা করে, চলে ঘোড়া বাওভরে, রাত দিন না থাকে কোথায় ❋ ছয় রোজ রাত দিনে, ছয় মাসের রাহাগুনে, গেল মর্দ্দ টুঙ্গির সহর ॥ সহরের বিচে গিয়া, ঘোড়া হৈতে ওতারিয়া, খোলে মর্দ্দ আপনা কমর ঘোড়া মাঠে চরে খায়, হানিফা বাজারে জায়, খায় মর্দ্দ রুটি ও কাবাব সেকোম হইল পোর, গায়েতে হইল জোর, গাছতলে পৌছিল সেতাব নিন্দ জায় গাছতলে, শুইয়া খোসাল দেলে, তার পরে পাইল চেতন সহরে ফিরিতে জায়, মহল দেখিতে পায়, ভাল ঘর দেখি খুসি মন ❋ গাথিয়াছে পাথরেতে, সোনা রূপার থাম তাতে, রতন কাঞ্চন দিয়া তায় ॥ ঘরের ছামানা যত, তাহাবা কহিব কত, এক মুখে বলা নাহি জায় ❋ তামাসা দেখিয়া ছারে, ফিরে আসে তার পরে, বৈসে সেই গাছের তলায় ॥ চেয়ে দেখে চারি পানে, বুড়ি এক সেইখানে, সেই রাহে বাজারেতে জায় ❋ বুড়ি যদি আইল কাছে, হানিফা তাহাকে পোছে, কোথা জাবে কহ বুড়ি পীর ॥ বুড়ি বলে বাজারেতে, কড়ি পয়সা লিয়া সাথে, জাব বাবা সুন মোছাফির ❋ হানিফা বলেন বুড়ি লিয়া জাও কত কড়ি শুনে বুড়ি বলে তিন পোন ॥ অধিন ফকির বলে রছুলের পাও তলে, মিছা কামে গেল এ জিবন ❋

পয়ার ❋ হানিফা বলেন বুড়ি জাহ বাজারেতে ॥ তিন পন কড়ি লিয়া কি কিনিবে তাতে ❋ মোর এক কাম যদি পার করিবারে ॥ সোনা রূপার অলঙ্কার পড়াব তোমারে ❋ বাজারে জাইতে তবে না হইবে আর ॥ ঘরে বসে খেতে পাবে জা হবে দরকার ❋ একথা শুনিয়া বুড়ি খুসি হয়ে দেলে ॥ তিন পন কড়ি ছিল সব দিল ফেলে ❋ বুড়ি কহে বল

এলাহি ভাবিয়া জায় ছেল পেরে নান ॥ নাম ল দেখিতে পায় বড়ই ময়দান ❋ ময়দানে২ মর্দ্দ নেকালিয়া জায় ॥ কত দূরে গিয়া বসে গাছের তলায় ❋ সেখানে বসিয়া মর্দ্দ ভাবে মনে মন ॥ সোনাভান নাম তার হইল স্বরন ❋ দেলেতে আফছোছ করে হয়ে পেরেসান ॥ খানা নাহি দিব ধরে থাকিতে এ জান ❋ কেমন সে সোনাভান দেখিব তাহায় ॥ এবার আমার আগে কেয়ছা ফতে পায় ❋ একথা বলিয়া হানিফা গর্জ্জিয়া উঠিল ॥ হাক দিয়া ঘোড়ার পরে সওার হইল ❋ মার২ বলিয়া মর্দ্দ ওঠাইল ঘোড়া ॥ টুঙ্গিরসহর বিচে জাইয়া হইলখাড়া❋ এয়ছাহাক মেরে চলে হানিফা এগাবলি ॥ জত লোক সোনে তার কানে লাগে তালি ❋ জোর করে জান মর্দ্দ কুদিয়া২ ॥ টুঙ্গির সহরে মর্দ্দ পৌছিল জাইয়া ❋ সহরে জাইয়া মর্দ্দ মারে এক হাক ॥ গাধা ঘোড়া উট ভাগে দেখিয়া বিপাক ❋ হাকের আওাজ তার জায় ষোল ক্রোশ ॥ জে কেহ শুনিল হাক ছাড়া হৈল হোস ❋ ,আরবার হৈদরি হাক হাকে পাহাল-ওান ॥ তফাতে থাকিয়া সোনে বিবী সোনাভান ❋ সোনাভান বলে মোরে একি জালা হইল ॥ নেড়ে মোছলমান বুঝি আর বার আইল ❋ এইরুপে কহা সোনা করে সোনাভান ॥ দরওাজায় আসিয়া খাড়া হৈল পাহালওান ❋ দরওাজায় আসিয়া মর্দ্দ গোশ্বায় জলিল ॥ লাত মেরে পাহালওান কেওাড় ভাঙ্গিল ❋ হানিফা হাকিল ফের সোনাভান বলিয়া ॥ সোনাভান শুনিয়া হাক উঠিল জলিয়া ❋ বিবী বলে দেখ দাসি বাহিরে জাইয়া ॥ দেখ কোন মরদ ডাকে সোনাভান বলিয়া ❋ কি জানি বালাই আবার কোথা হৈতে আইল ॥ কোমর বান্ধিয়া মুঝে দেখা দিতে হৈল ❋ একথা বলিয়া বিবী করিল গমন ॥ হানিফার আগে গিয়া দিল দরশন ❋ হানিফার গোশ্বা দাসী নজরে দেখিয়া ॥ সোনাভানের আগে দাসী কহিল আসিয়া ❋ দাসী কহে সোনাভান প্রাণ গেল উড়ে ॥ দরজায় আসিয়া খাড়া মক্কার সেই নেড়ে ❋ হজরত আলীর বেটা হানিফা মরদানা ॥ লড়িতে আইল ফের কাজে গেল জানা ❋ একথা শুনিয়া বিবী বড় গোশ্বা হৈল ॥ কোমর বান্ধিয়া ফের বাহিরে আইল ❋ হাজার মনের গোর্জ্জ লিল উঠাইয়া ॥ দশমন লোহার টোপ ছের পরে দিয়া ❋ মার মার বলে বিবী গোশ্বায় হাকিল দেখিয়া হানিফা মর্দ্দকুদিয়া উঠিল ❋ হানিফা কহেন বিবী আসিয়াছি ফিরে ॥ আজিকার রঙ্গে আমি দেখিব তোমারে ❋ সেই দিন পড়িয়া ছিনু এলাহির সাপে ॥ নহেত আমার সাতে পারেকারবাপে

জানে সোনাভান । স্বপরের কথা যত করিল বয়ান ❋ সোনাভান আসকেতে থাকিতে না পারে ॥ এক রাত্রে গিয়া ছিল আমার হুজুরে এয়াদ দেলাবে তারে এই সব বাত ॥ খোসাল হইয়া তুঝে দিবেন খেলাত ❋ এ কথা শুনিয়া বুড়ি করিলগমন ॥ সোনাভানের আগে গিয়া দিল দরশন ❋ বুড়িকে দেখিয়া পুছে বিবী সোনাভান ॥ যে লাগিয়া গেলে কহ তাহার বয়ান ❋ বুড়ি বলে সোনাভান সোন সে খবর ॥ আলির ফরজন্দ ঘর মদিনা সহর ❋ হানিফা তাহার নাম রছুলের নাতি হাসেন হোসেন ভাই মুসলমান জাতি ❋ ছুরত জামাল মর্দ্দ বড় পাহালওান ॥ জাতের কুলিন সেই তোমার সমান ❋ সোনাভান বলে বুড়ি সোন মেরা বাত ॥ সাদির উকিল হয়ে পাইলে কি খেলাত ❋ বুড়ি বলে সোনাভান সোন সমাচার ॥ সেই মর্দ্দ দিবে মোরে অষ্ট অলঙ্কার ❋ তার বালা বাজু বন্দ গলায় হাসলি ॥ সিতে পাটি চন্দ্রহার পায়েতে পাসলি ❋ কানে কানবালা দিবে গলে দিবে হার ॥ হাতে চুড়ি পৌহি আর পাঙ্গর সোনার ❋ সোনাভান বলে বুড়ি তাহা পাবে পিছে ॥ সাদির খেলাত আগে লেহ মেরা কাছে ❋ বুড়ি বলে বিবী তেরা আগে হোক বেহা ॥ তাহা বাদে দিবে তেরা দেলে চাহে জাহা সোনাভান বলে বুড়ি এমন কভু হয় ॥ খালি হাতে কেমনেতে করিব বিদায়❋ একথা বলে সোনাভান ডাকে দাসীগণে ॥ এহার খেলাত সবে দেহ জনে২ ❋ এমন খেলাত দিবে থাকে কত দিন ॥ জত দিন বেচে জেন থাকে তার চিন ❋ একথা শুনিয়া ছিল যত দাসীগণ ॥ চড় ঘুসা লাঠি সোটা মারে কত জন ❋ কেহবা মাথার চুল ফেলে ওখারিয়া ॥ কেহবা চাবুকে পিট দিল ফাটাইয়া ❋ বুরি বলে সোনাভান মাতার সমান তুমি ॥ আর না তোমারে এই বাত কব আমি ❋ ছেড়ে দেহ সাহাজাদি না হবে বৈমুখ॥ মরে গেনু হায়২ ফেটে জায় বুক ❋ ছিড়িয়া ছেরের চুল চুন কালি গালে ॥ কলঙ্কে পুরায়ে দিল বুড়ির কপালে ❋ মরার মতন বুড়ি কান্দিতে না পারে ॥ ধরাধরি করে ফেলে বারির বাহিরে ❋ কতক্ষন বাদে তবে পাইল চেতন ॥ হানিফার আগে গিয়া দিল দরশন ❋ হনিফা কহেন বুরি কহ সমাচার ॥ জার তরে গেলে তুমি কি হইল তার ❋ বুড়ি বলে ভাল কামে পাঠালে আমায় ॥ জেওর তফাতে থাক জান বাচা দায় ❋ চড় ঘুসা লাঠি সোটা মারে কত শত॥ মাথা মুরাইয়া চুন কালি দিল কত ❋ বড় আসা দিয়ে মোরে করিলে উকিল ॥ ভাদুরে তালের মত মারে কত কিল ❋ লেখা জেন বেচে

আইনু করিয়া ফিকির ॥ কেমনে দে ়াব মুখ নিকটে স্বামীর ❋ মজুরি করিয়া আনে কড়ি তিন পোন ॥ পুছিবে কি হৈল কড়ি কি কব তখন জে মার মারিল দাগ আছেত বদনে ॥ নেড়া মাথা লিয়া ঘরে জাইব কেমনে❋খালি হাতে কেমনেতে ঘরেতে জাইব॥কি খাওাবসাওামিরে কিবা খেতে দিব❋একথা বলিয়া বুড়ি কান্দে জারে২॥ হানিফা খাতের জমা করিল তাহারে ❋ হাতের অঙ্গুরি জে খ ়িয়া আপনার ॥ বুড়িকে শুপিয়া দিল করিতে বাজার ❋ বেচিয়া বাজার করে খাও বুড়ি মাই ॥ আল্লাচাহে এই দেশে করিবে বাদসাই ❋ বুড়িকে বিদায় দিয়া হানিফা মর্দ্দানা ॥ ঘোড়ায় সোওার হৈলভাবিয়া রব্বানা❋হাজার মনের গোর্জ্জ বগোলে দাবিয়া॥ বাজারের রাহে মর্দ্দ খাড়া হৈল গিয়া❋গোশ্বায় অজুদ কাঁপে দোন আখি লাল ॥ কি রূপে ঝগরা হবে ভাবে সে খেয়াল ❋ সোনাভামের দাসী জত রূপসি সুন্দরি ॥ জল আমিবারে সবে জায় সারি২ ❋ হানিফা পুছেন বাত যত দাসী গণে ॥ কোথা হৈতে আইস জাইবে কোন খানে ❋ দাসীগণ বলে আছে সোনাভান বিবী ॥ তাহার লাগিয়া জল আনিব সেতাবি ❋ সোনাভান নাম জবে হানিফা শুনিল বারুদের ঘরে যেন আগ লাগাইল ❋ সকলের কলসি যে ডালিল তুড়িয়া ॥ তামেচা মারিয়া দিল গাল ফাটাইয়া ❋ বেহদ্দে খাইয়া মার জায় গড়াগড়ি ॥ বিবীকে জাইয়া কেহবলে দড়বড়ি❋ সোন বিবী সাহা জাদি আরজ আমার ॥ এক মর্দ্দ আসিয়াছে বরই গাঙার ❋ সোনাভান দাসীর মুখে শুনিয়া এহাল ॥ ভালত উকিল বুড়ি বাধালে জঞ্জাল ❋ সোনাভান বলে দাসি শুনহ ফরমান ॥ সেতাবি আনিয়া দেহ করিব জল পান ❋ এবাত শুনিয়া দাসী করিল গমন ॥ কলশি পুরিয়া ফের দুধ বিসমন ❋ দুধে জলে ত্রিশমন করিল জলপান ॥ আসিমণ খানাফের খায় সোনাভান ❋ হাজার মনের গোর্জ্জ তুলে নিল হাতে ॥ আছিল লোহার জেরা পরিলগায়েতে ❋ সিঙ্গারকরিয়া বিবী বায়ে বান্ধেখোপা তার পরে তুলিলেন গন্ধরাজ চাপা ❋ আছিল লোহার টোপ তুলে দিল ছেরে ॥ নেজা গোর্জ্জ তলওার ঢাল পিট পরে ❋ রাহেতে চালল দস্ত করে কড়া ় ॥ এমন জোরেতে চলে বহে জেন ঝড় ❋ গাছপাল হাতি উট ় পায় দুখে ॥ ওখারিয়া ডালে সব ধন্দ লাগে দেখে ❋ সওার হইয়া বিবী ঘোড়ার উপরে ॥ ময়দানে চলিল বিবী হানিফা হুজুরে ❋ হানিফা ় দেখে হাক মারে সোনাভান ॥ হুসিয়ার হৈল মর্দ্দ

হানিফা পাহালওয়ান * হানিফা বলেন শুন বেহায়া আওরত ॥ মরদ সামনে হাক এমন হেম্মত * ফুক শিশি মত জেন আওরতের জাত ॥ সহজে টুটিবে মান গায়েদিলে হাত * ফুকশিশি ফুকে ভাঙ্গে আওরত তেমত ॥ দেখিলে বেগানা মর্দ্দ না থাকে হোরমত * জুবা নারি হয়ে তুমি আইলে বাহিরে ॥ যৌবন কামের জালা নার সহিবারে * নাহিক লজ্জারভয় এলে নাহিমেতে॥ পাইনু সেকার আজ নাদিবয়াইতে সোনাভান বলে নেড়ে কর ফকব্বরি ॥ আসিয়া আমার সাতে কর বড়া জুরি * চাকরের মতন নও হতে চাও শ্বামী ॥ এখন বুঝিবে তুমি জোর যে মর্দ্দমি * বটের সমান তুমি ফের ডালে২ ॥ আসিয়া ঠেকিলে আজ বাঘের জঙ্গলে * হানিফা বলেন শুন বেহায়া আওরত ॥ বটের সমান বল এতেক হেম্মত * আমি যদি বট হই তুমি হৈলে ধাড়ি ॥ ধরিয়া মাথার চুল লয়ে জাব বাড়ী * সোনাভান বলে নেড়ে শুনহ ফর্ম্মান ॥ তোমার আজল আজি বুজিনু নিদান * হানিফা বলেন শুন কাফেরের জাত ॥ আমাকে যে নেড়ে বল এতেক হেম্মত * দিনের এছলাম আমি তুমি বল নেড়ে ॥ তুমিজার বান্দি তারে আনিয়াছি ধরে * তোর চেয়ে ভাল নারী আছে মোর ঘরে॥ বান্দি কারিব তার আসি এ খাতিরে স্বপনে আমার কাছে কেন গেলে তুমি॥ এখ্যাতিরে তেরা দেশে আইনু যে আমি * আপনি কারার দিলে জেয়ে মদিনায় ॥ তোমার কারারে আমি আইনু হেথায় * এতেক শুনিয়া বলে বিবী সোনাভান ॥ এতেক মক্কর জান হৈয়া মোছলমান * মক্কা মদিনা আমি কভু দেখি নাই ॥ তেরা সাতে কবে দেখা হৈল কোন ঠাই * এই সব দমে কত নারী ভুলাইলে ॥ তেমন শাহাম্মক বুঝি আমাকে পাইলে * মল্লিকা সমর্ত্ত-ভানে দুজনে ধরিয়া ॥ তাহাতে তোমার দেল গিয়াছে বাড়িয়া * বরুন রাজার কন্যা সম্বন্ধে বহিনী ॥ হেকমতে ধরিলে তারে আমি খুব জানি হানিফা কহেন বিবী ভালত কহিলি ॥ তাহার সম্বন্ধে তুমি হৈলে মোর শালি * শালি হয়ে এত তুমি কর লানতান ॥ শুনিলে বহিন তেরা হবে অপমান*তেরা সাতে আর মোর কিশের ঝগড়া ॥ বহিনির সাতে থাক চল খাড়া২ * মোছলমান হও তুমি কলেমা পড়িয়া ॥ দুই জনে একসাতে রহ খুসি হৈয়া * সোনাভান বলে নেড়ে না কর বড়াই ॥ এখনি ধরিয়া তুন্ধে কারিব সাজাই * হানিফা কহেন বিবী না করগুমান এখনি কাটাবে কেন আপনা গর্দ্দান * সোনাভান বলে আইসে আলি পাহালওয়ান ॥ তুমু না পারিবে মোর কাটিতে গর্দ্দান * হানিফা কহেন

তুই তারি বেহেছাব ॥ শশুরের নাম ের শুনিতে খারাব * আমিত খছম হব তিনিত শশুর ॥ শশুরের নাম ধর ওামি হুজুর * একথা শুনিয়া বিবী গোস্বায় জলিল ॥ আছমান হইতে যেন ঝন ঝনি গিরিল আসিয়া ধরিল বিবী হানিফার কোমর ॥ দুইজনে খেচাখেচি করে বড়া জোর * মারামারি হুড়াহুরি ধরে গলে ॥ এখন হোরমত কোথা পাহালওান বলে * গলাগলি কোলাকুলি হইল যখন ॥ আর কিবা বাকি আছে বলহ এখন * সোনাভান বসে নেড়ে লড়াই করিতে ॥ এবাতে কলঙ্ক নাহি কার সাতে * এই বার বাচ তুমি মউতের হাতে ॥ সাদীর এরাদা তবে করিবে দেলেতে * এত বলি হানিফার ধরিয়া কোমর ॥ ওঠাইয়া ঘোমাইল ছেরের উপর * বিবী বলে মারি যদি মারিয়া কাছাড় ॥ খান খান হৈয়া যাবে হানিফার হাড় * এবাতে কলঙ্ক হবে রহিবে সংসারে ॥ আওরত হইয়া মারে মরদের তরে * এহাকে ফেকিয়া দিব মদিনা সহরে ॥ এতবলে হানিফাকে ফেকেদিল জোরে * হানিফার তরে আল্লা দেখিয়া মুস্কিল ॥ তখনি হুকুম করে ডাকিয়া জিবরিল * হানিফা সুন্তেতে জায় মদিনা ভবফে ॥ সেতাবি যাইয়া ওছে ধর গিয়া লুফে * মায়ের কোলেতে যেমন লাড়কা দুধ খায় ॥ হানিফাকে সেই মত রাখ মদিনায় * জিবরিল শুনিয়া তবেজায় ধীরে ধীরে ॥ আছানে রাখিয়া দিল মদিনা সহরে * চেতন পাইয়া মর্দ্দ দেখে তাকাইয়া ॥ মদিনা সহর মাঝে কে গেল রাখিয়া * হানিফা বলে আল্লা মোরে দিলে এত দুখ ॥ কেমনে সবার কাছে দেখাইব মুখ কেমনে দেখাবমুখ ভাই বেরাদরে ॥ কি বলে যাইবআমি মায়ের হুজুরে এই সব ভেবে গুণে দেখিল বিস্তর ॥ আর না জাইব আমি মদিনা সহর সরম ভরম আল্লা তেরা এক্তেয়ার ॥ হেথা হৈতে তরাইতে কেহ নাই আর * আওরতের হাতে আমি হইনু সরমেন্দা ॥ বেচে আর কিবা সুখ হইয়া না মর্দ্দা * আলির ফরজন্দ আমি রছুলের নাতি ॥ ফাতেমার বেটা হয়ে রাখিনু অখ্যাতি * এলাহি মউত যদি দিত এই হালে ॥ আর না আন্দেসা মোর না রহিত দেলে * জা করে এলাহি আল্লা কপালে আমার ॥ এখনি জাইব ফের টুঙ্গির সহর * এয়ছা জোরে চলে জায় কিছু নাহি মানে ॥ ছয় মাসের পথ মর্দ্দ গেল ছয় দিনে * খানা পানি নিন্দ কিছু নাহি রাহা পরে ॥ দেখেন দুলদুল ফেরে রাহার উপরে হানিফাকে দেখে ঘোড়া চলিল কুদিয়া ॥ খোসাল হইল মর্দ্দ ঘোড়াকে দেখিয়া * হাত ফেরাইয়া ফের দুল দুলের গায় ॥ সওার হইয়া মর্দ্দ

ময়দানেতে যায় * হাকি হ দরি হাক হানিফা মর্দ্দানা ॥ হাকের আওাজ সুনে কাঁপে সর্ব্বজ ॥ * কানে তালা লাগে শুনিয়া সে হাক ॥ হাতী ঘোড়া উট ভাগে দেখিয়া বিপাক * সোনাভান বৈসে ছিল তক্তের উপরে ॥ বেহুস হইয়া বিবী জমিনেতে গিরে * থোড়া ঘরি বাদে কিছু হোস হৈল তারে ॥ কহিল কি অবতার আইল সহরে * উজির কহিল সেই হানিফা মর্দ্দানা ॥ আপনি ফেকিলে জাকে সহর মদিনা * ফিরিয়া আইল যুদ্ধ বান্ধিয়া কোমর ॥ আসিয়া হয়রান করে তামাম সহর * একথা শুনিয়া বিবী ভাবিতে লাগিল ॥ হপ্তা রোজে কেমনেতে ফিরিয়া আইল * না হবে হানিফা বুঝি কাজে গেল জানা ॥ এখনি জাইব দেখি কেমন মর্দ্দানা * কোমর বান্ধিয়া বিবী আইল ময়দানেতে ॥ হানিফা আছিল খাড়া পাইল দেখিতে * হানিফাকে সোনাভান দেখিবারে পায় ॥ আসিমন সোনার করা দিয়া আসে পায় দশ মোন লোহার টোপ দিয়াছে মাথায় ॥ আট মন লোহার জেরা বান্ধিয়াছে গায় * সোনাভান বলে সোন বিদেসি সওার ॥ কোথা হৈতে আইলে তুমি কি নাম তোমার * পাহালওান কহে বিবী নাহি চেন তুমি ॥ হানিফা আমার নাম তোমার সওামি * বিবী বলে নেড়ে তোর না হৈল সরম ॥ কোন মুখে কথা কও কিসের ভরম * হানিফা কহেন মেরা সরমে কিকরে ॥ টিকিতে নাপারি আমি দেখিয়া তোমারে তোমার লাগিয়া বান বিন্ধিল বুকেতে ॥ কেন তুই দেখা দিলি জেয়ে স্বপনেতে * মিনতী করিয়া গেলে পিছেতে নিদয়া ॥ মনে বুঝে দেখ দেখি কে হল বেহায়া * সোনাভান বলে নেড়ে কত জান মায়া ॥ চাপরে ভাঙ্গিব দাত সোনরে বেহায়া * হানিফা বলেন শুন বেহায়া আওরত ॥ বেদায়েতে পেয়ে মুখে বাড়িল হেম্মত * জবান দাবিয়া বাত কহরে বৈতাল ॥ নহেত পয়জারে তেরা উড়াইব থাল * সোনা-ভান বলে তেরা মদিনা সহর ॥ তামাম আইলে পরে কি করিবে মোর জারে তুমি ভয় কর তারে যদি পাই ॥ পাহালওানি কারে বলে এখনি শিখাই * হানিফা এবাত শুনে কাপে থর থর ॥ মারিল তামেচা তার মুখের উপরে * এয়ছা জোরে চড় মারে তাহার মুখেতে ॥ সামালতে নারে বিবী গেরে জমিনেতে * মরিবার হাল হৈল নাহি তে নিশ্বাস ॥ দেল হৈতে উঠে গেল বাচিবার আস * থোরা ঘরি বাদে কিছু হুস হৈল তারে ॥ হানিফা ধরিয়া হাত তোলে ধিরে২ * কান্দিতে লাগিল

একে চড়ে হইয় কাতর ॥ আজি জে হানিফা মর্দ্দের দেখি বড় জোর॥ থোড়া ঘড়ি বাদে বিবি উঠে সামালিয়া ॥ কোমর বান্ধিল বিবী মজবুত করিয়া * গর্জ্জিয়া উঠিল বিবী জেন সের নর ॥ গোশ্বাদেল হয়ে চলে হানিফা উপর * আছমান জমিন কাপে এয়ছা জোর করে ॥ হাত্তাতে মিশিয়া বিবী হানিফারে ধরে * হানিফা দেওাল তারে ধরিল খেচিয়া দুই জনে হুড়াহুড়ি মস্তহাল হৈয়া * রাত দিন করে জঙ্গ কিছু নাই খায় ॥ এইরুপে আটদিন গোজারিয়া জায় * কেহ কারে নাহি পারে সমানে সমান॥ হানিফার আগে গিয়া কহে সোনাভান * মিছে কেন জঙ্গ করে মরি দুই জন॥ দোহে বরাবর হব না হবে মরন * হানিফা কহেন কেন জঙ্গে ভঙ্গ দেহ ॥ মরদরাড়ের হাতে নাহি হারে কেহ * সোনাভান বলে নেড়ে নাশুনিলে মানা ॥ বুঝিলাম তোর পরে বিধি বিড়ম্বনা * এবার কাবুতে পেলে দেখিব তোমারে॥ একেবারে পাঠা-ইয়া দিব জম ঘরে * সোনাভান বলে নেড়ে মোড়ে কেবা পারে॥ শিব আর জয়কালী আছে মোর ঘরে * তার জোরে লড়ি আমি কারে করি ভয় এখনি দেখিবে তেরা নছিবে কি হয় * হানিফা বলিল বিবী সোন সমাচার ॥ আমি জে বড়াই করি জোনেতে আমার * জখন হানিফা মর্দ্দ বড়াই করিল ॥ আরসে থাকিয়া আল্লা বেজার হইল * জিবরিলে কহেন বাত আল্লা পরওার ॥ হাসিফা আমার পরে নাহি রাখে বার * আপনা জোরেতে মর্দ্দ করিল বড়াই॥ উচিত মতন ওরে দিব জে সাজাই * মস্তহালে লড়ে দোহে কেহ নাহি হারে ॥ সোনা-ভান গোশ্বাভরে হানিফারে ধরে * এমন জোরেতে বিবি ধরিল কোমর ॥ একেবারে উঠাইল মাথার উপর * ঘুমাইয়া ছের পরে বগলে দাবিয়া॥ কহিল কাটিব আজি হানিফারে লিয়া * শিবআর জয় কালী আছে মোর ঘরে॥ নরবলি দিব আজি তাদের হুজুরে * এতবলি হানিফারে লিয়া গেল ঘরে ॥ বলিদান দিতে চাহে শিবের হুজুরে * শিব বলে সোনাভান শুন দিয়া মন॥ বলিদান দেহ কারে কাহার নন্দন সোনাভান বলে ঠাকুর করি নিবেদন ॥ হানিফা ইহার নাম আলীর নন্দন * ভাই দোন এমামের নাতী রছুলের ॥ নরবলি দিতে আমি আনি এখানেতে * শিব বলে সোনাভান সোন শীঘ্র গতি ॥ হজরত আলির বেটা রছুলের নাতি *এহারে খাইতে দেহ কাহা খেতে চায়॥ এহারে মারিতে পারে কে আছে দুনিয়ায় * সোনাভান হানিফাকে বগলে দাবিয়া ॥ জয় কালীর নিকটে জে পৌছিল জাইয়া* সোনাভান

বলে মাগো শুন এই কালা ॥ আহ্বানকর ওগো মাতা দেই নরবলি * জয় কালীবলে বিবি সোন সমাচার ॥নরবলি দিতে চাহ ফরজন্দ কাহার বিবি বলে নাম এর হানিফা মর্দ্দান॥আলির ফরজন্দ ঘর সহর মদিনা কালি বলে সোনাভান সোন সমাচার॥বরুন রাজার কন্যা মল্লিকা আকার তাহার সাতেতে মর্দ্দ লাড়িয়া বিস্তর॥ বন্ধকরে রেখেছিল কুপার ভিতর খবর পাইয়া আলি আইল তার পিছে ॥ মার মার বলে আইল মহলের বিচে * শিব দেখে পালাইল আলি পাহালওানে ॥ আমি গিয়া লুকাইয়া রহিলাম বনে * বরুন রাজার মেয়ে লইল ধরিয়া ॥ মোছলমান করে তারে কলেমা পড়াইয়া * সেই আলির বেটা এই কেথাইবে ধরে॥ মনে হৈলে জার নাম কাঁপে থরে থরে * সেই হৈতে পালাইয়া আইনু এই ঠাই ॥ নাহি যদি সোন তাব হেথা হৈতে জাই* হানিফারে শিব কালি না করে কবুল ॥ হানিফা দেলেতে ভাবে আল্লোহো রছুল * কাফেরের হাতে আমি হৈনু পেরেসান ॥ এইবার তরইয়া লেহ ছোবহান * মা বাপের সাতে আর না হইল দেখা ॥ মরিব রাড়ের হাতে এই ছিল লেখা * সোনাভান বলে নেড়ে ভাব কিবা মনে ॥ মদিনা সহরে তুমি জাইবে কেমনে * দেবির নিকট হইতে বিদায় হইল ॥ তেজধার ছুরি বিবী নেকলিয়া লিল * কি কব ছুরির কথা যেন হীরার ধার॥ হানিফা দেখিয়া ছুরি কান্দে জার জার * হানিফারে সোনাভান বগলে দাবিয়া ॥ বড় এক ময়দানেতে পৌছিল জাইয়া * পটকান মারিয়া তারে ফেলে জমিপরে ॥ বসিল জাইয়া তার ছাতির উপরে * এমন জোরেতে বসে বুকে লাগে ব্যথা * কাতর হইয়া হানিফা কহে এক কথা * একবার উঠ বিবী এ দুনিয়া দেখি ॥ এজনমের মত আমি আল্লা বুলে ডাকি*এহা বলে পাহালওান কান্দে জার ২ ॥বাপ মারাসতে দেখা না হইল আর * হাসেন হোসেন ভাই কোথায় রহিলে ॥ দেখা যদি দিতে ভাই মউতের কালে*এতেক বলিয়া মর্দ্দ লাগিল কান্দিতে সোনাভান ছুরি তার ধরিল গলেতে * আছমান জমিন কান্দে হয়ে জারে জার ॥ গাছ পালা আদি কান্দে যতেক জানওার * পশু পক্ষি গণ কান্দে হইয়া অস্থির ॥ দরিয়ার জানওার কান্দে হাঙ্গর কুম্ভির * হানিফার গলে ছুরি চাহে চালাইতে ॥ না কাটে পশম এক আল্লার কুদরতে * বহুত হেকমত করে দেখে সোনাভান ॥ না পারিয়ে ফিরে বিবী হয়ে পেরেসান * হানিফা একেলা পড়ে রহিল ময়দানে ॥ আল্লাকে ইয়াদ মর্দ্দ করে মনে মনে * এলাহি আলমিন আল্লা সাহেব

কালাম ॥ আওরতের হাতে আমি হই বেহাল ॥ আপনি মেহের করে বাচাও আমারে ॥ নহেত কেজিয়া দেহ খালি জোরওয়ারে * হাসেন হোসেন দোন পায় সমাচার ॥ আসিয়া তল্লাশ জেন করেন আমার * পৌছাও খবর আজি বিবী ফাতেমারে ॥ ফাতেমা আমার মাতা মদিনা সহরে * মরি কিবা বাচি আমি তাহে নাই দুখ ॥ দুশমনের মত দেখি সবাকার মুখ * এইরূপে মোনাজাত করে পাহলওয়ান ॥ এলাহি জিবরিলে ডেকে করেন ফরমান * ছুলের বেটি জেন দেখে স্বপনেতে ॥ হানিফা বেহালে আছে ফলানা মাঠেতে * সেতাবি তল্লাস জেন করে হানিফার ॥ এই খবরি দেও গিয়া এই সমাচার * জিবরিল শুনিয়া ভেজে আর ফেরেস্তায় ॥ স্বপন দেখাইতে আইস বিবী ফাতেমায় * হানিফার রূপ ধরে ফেরেস্তা চলিল ॥ স্বপনে বিবীর আগে কহিতে লাগিল * শুন শুন আম্মাজিউ কহিজে তোমারে ॥ না কহিয়া আইনু আমি টুঙ্গির সহরে * সোনাভান এসে মুঝে জোরেতে ধরিয়া ॥ হলকুম উপরে ছুরি দিল চালাইয়া * আল্লার মেহের বলে আছি আমি তাই ॥ নহে মরিতাম আমি দেখা হইত নাই * দেখিতে এরাদা যদি থাকেত আমায় ॥ দোস্ত আর বেরাদরে কহিবে সবায় * আপনি করিবে দোওা সোন মা খাতুন ॥ স্বপ্নেতে কয়ে গেনু এসব কথন * ফাতেমা জোহরা বিবী চেতন পাইয়া ॥ উঠিয়া না দেখে কারে তল্লাশ করিয়া * স্বপন দেখিয়া বিবী কান্দে জারে জার ॥ কি হইবে কেবা জাবে তল্লাসে বাছার * আহারে হানিফা বাছা নয়নের তারা ॥ হাসেন হোসেন শুনে কি করিবে তারা * হজরত আলীকে আমি কিবলে কহিব ॥ বিন্ধিল বুকেতে ছুরি কেমনে ছারাব * এলাহি ভরসা বিনা নাহি আর চারা ॥ সুখনায় ডুবিল বুঝি মানিকের ভরা * আফছোছ করিয়া মাতা করে হায়২ ॥ হাসেন হোসেন দোন শুনিবারে পায় * দোন ভাই বলে মামা কেন কর ক্ষেদ ॥ ফাতেমা বেটার আগে কহে সব ভেদ * দোন ভাই কহে আম্মা কেমনে জানিলে ॥ খোওাবে দেখিনু আমি আজ রাত কালে * এক থা সুনিল যদি ভাই দুই জনা ॥ ভাই২ বলে দোন করেন রোদন * কান্দিতে২ দোন বাহিরেতে জায় ॥ আহারে হানিফা ভাই রহিলে কোথায় * হায় হায় করে দোন লাগিল কান্দিতে ॥ মছজেদে থাকিয়া আলি পাইল শুনিতে * বাহিরে আসিয়া পুছে দোন এমামেরে ॥ কহিল তামাম বাত বাপের হুজুরে * সুনিয়া হজরত আলি গেল মহলেতে ॥ ফাতেমার আগে বাত লাগিল বলিতে

ফাতেমা আলির আগে করিল জাহির ॥ শুনিয়া কলেজায় লাগে আফ-ছোছের তীর ❋ কান্দেন হজরত আলি হানিফার তরে ॥ বারং পেরে-সান করিলে আমারে ❋ কি হইবে কোথা জাব কে জাবে তাল্লাসে ॥ সমাচার কিসে পাব কেবা কবে এসে ❋ কান্দনা শুনিয়া সবে পুছিল আলকে ॥ শুনিয়া হজরত আলি কহে একে ২ ❋ সকলে কহিল সাহেব কহি কদমেতে ॥ টুঙ্গির সহরে জাব তাল্লাস করিতে ❋ কোমর বান্ধিয়া আলি কহে এই বাত ॥ রছুলের গোরে গিয়া করে মোনাজাত ❋ দোওা কর মোহাম্মদ রছুল করিম ॥ ঘটিয়াছে আমা সবে মুস্কিল আজিম ❋ কবরের ধুলা সবে মলে নাক মুখে ॥ ফতে জেন পাই মোরা বলে সব-লোকে ❋ তার পরে জায় সবে জতেক লস্কর ॥ ঘোড়ায় সওার হয়ে টুঙ্গির সহর ❋ আপনি হজরত আলি হইয়া সওার ॥ বেটার তাল্লাসে জেতে হৈল রাহাদার ❋ হাছেন হোছেন দোনোবান্ধিল কোমর ॥ ঘোড়ায় চড়িয়া জায় টুঙ্গির সহর ❋ এইরূপে ময়দানেতে জে কেহ আছিল হানিফার তল্লাসেত সকলে চলিল ❋ মঞ্জেল ২ রাহা জায় কত দিন ॥ টুঙ্গির ময়দানে গেল জতেক মমিন ❋ নজর করিয়া সবে দেখে তাকা-ইয়া ॥ জমিনে হানিফা মর্দ্দ রয়েছে শুইয়া ❋ হানিফারে কোলে লিল আলি জোরওার ॥ সেতাবি আনিয়া দিল ফাতেমা হুজুর ❋ ফাতেমা দেখিয়া হাল করে হায়২ ॥ কে দিল এতেক দুঃখ ধরিয়া তোমায় ❋ হাছেন হোছেন কান্দে বলে ভাই ভাই ॥ কহিল এখন চল মদিনাতে জাই ❋ কহিল হজরত আলি কে মারিল তোরে ॥ ময়দানে পাইলে তারে দেই জম ঘরে ❋ ফাতেমা কহেন সাহা গোশ্বা নাহি হও ॥ আপন বাছাকে লিয়া মদিনাতে জাও ❋ এতেক শুনিয়া সবে ফেরে সেথা হইতে ॥ রওানা হইল সবে মদিনা জাইতে ❋ কত দিন চলিল সবে রাহের উপর ॥ আসিয়া পৌছিল সবে মদিনা সহর ❋ মদীনাতে কত দিন গোজারিয়া জায় ॥ মহাম্মদ হানিফা মর্দ্দ মায়ের আগে কয় ❋ বিদায় দাওগো মাতা দেল খোসালিতে ॥ টুঙ্গির সহরে জাই লড়াই করিতে ❋ ফাতেমা কহেন বাবা খাও খানা পিনা ॥ লড়ায়ে জাইতে তুঝে কে করিবে মানা ❋ খানা পিনা খেয়ে মর্দ্দ তৈয়ার হইল ॥ ভাই বেরাদরে আগে বিদায় হইল ❋ ঘোড়ার উপরে মর্দ্দ ছওার হইয়া ॥ আপনার মায়ের আগে পৌছিল জাইয়া ❋ হানিফা মায়ের আগে করিল ছালাম ॥ দোওা কর নবির বেটি পড়িয়া কালাম ❋ বাহিরে আসিয়া মর্দ্দ হৈয়া বিদায় ॥ টুঙ্গির সহরে জায় চড়িয়া ঘোড়ায় ❋

এলাহি ভাবিয়া জায় ফেল পেরে নান ॥ সাম্‌নে দেখিতে পায় বড়ই ময়দান * ময়দানে২ মর্দ্দ নেকলিয়া জায় ॥ কত দূরে গিয়া বসে গাছের তলায় * সেখানে বসিয়া মর্দ্দ ভাবে মনে মন ॥ সোনাভান নাম তার হইল স্বরন * দেলেতে আফছোছ করে হয়ে পেরেসান ॥ খানা নাহি দিব ধরে থাকিতে এ জান * কেমন সে সোনাভান দেখিব তাহায় ॥ এবার আমার আগে কেয়ছা ফতে পায় * একথা বলিয়া হানিফা গর্জ্জিয়া উঠিল ॥ হাক দিয়া ঘোড়ার পরে সওার হইল * মার২ বলিয়া মর্দ্দ ওঠাইল ঘোড়া ॥ টুঙ্গিরসহর বিচে জাইয়া হইলখাড়া * এয়ছাহাক মেরে চলে হানিফা এত্তাবলি ॥ জত লোক সোনে তার কানে লাগে তালি * জোর করে জান মর্দ্দ কুদিয়া২ ॥ টুঙ্গির সহরে মর্দ্দ পৌছিল জাইয়া * সহরে জাইয়া মর্দ্দ মারে এক হাক ॥ গাধা ঘোড়া উট ভাগে দেখিয়া বিপাক * হাকের আওাজ তার জায় ষোল ক্রোশ ॥ জে কেহ শুনিল হাক ছাড়া হৈল হোস * আরবার হৈদরি হাক হাকে পাহাল-ওান ॥ তফাতে থাকিয়া সোনে বিবী সোনাভান * সোনাভান বলে মোরে একি জালা হইল ॥ নেড়ে মোছলমান বুঝি আর বার আইল * এইরুপে কহা সোনা করে সোনাভান ॥ দরওাজায় আসিয়া খাড়া হৈল পাহালওান * দরওাজায় আসিয়া মর্দ্দ গোশ্বায় জলিল ॥ লাত মেরে পাহালওান কেওাড় ভাঙ্গিল * হানিফা হাকিল ফের সোনাভান বলিয়া ॥ সোনাভান শুনিয়া হাক উঠিল জলিয়া * বিবী বলে দেখ দাসি বাহিরে জাইয়া ॥ দেখ কোন মরদ ডাকে সোনাভান বলিয়া * কি জানি বালাই আবার কোথা হৈতে আইল ॥ কোমর বান্ধিয়া মুঝে দেখা দিতে হৈল * একথা বলিয়া বিবী করিল গমন ॥ হানিফার আগে গিয়া দিল দরশন * হানিফার গোশ্বা দাসী নজরে দেখিয়া ॥ সোনাভানের আগে দাসী কহিল আসিয়া * দাসী কহে সোনাভান প্রাণ গেল উড়ে ॥ দরজায় আসিয়া খাড়া মক্কার সেই নেড়ে * হজরত আলীর বেটা হানিফা মরদানা ॥ লাড়িতে আইল ফের কাজে গেল জানা * একথা শুনিয়া বিবী বড় গোশ্বা হৈল ॥ কোমর বান্ধিয়া ফের বাহিরে আইল * হাজার মনের গোর্জ্জ লিল উঠাইয়া ॥ দশমন লোহার টোপ হেলে পরে দিয়া * মার মার বলে বিবী গোশ্বায় হাকিল দেখিয়া হানিফা মর্দ্দকুদিয়া উঠিল * হানিফা কহেন বিবী আসিয়াছি ফিরে ॥ আজিকার রঙ্গে আমি দেখিব তোমারে * সেই দিন পড়িয়া ছিনু এলাহির সাপে ॥ নহেত আমার সাতে পারেকারবাপে

সোনাভান বলে নেরে এত জোর ধর ॥ সুনিয়া আমার নাম এয়ছা হাক মার ❋ আমার দরওজা তোড় মেরে এক লাত ॥ কোন জোরে কহ ফের তকব্বরি বাত ❋ হানিফা বলেন বিবি ডর কি তোমায় ॥ সাদি জে করিয়া তুঝে বসাইব বায় ❋ সোনাভান বলে নেড়ে দেখিব এবারে॥ বেহার সাদ মেটাইব জয় কালীর বরে ❋ হানিফা বলেন এবে দেখিব তোমারে ॥ সাদি জে ক.রে তুঝে আল্লা জদি করে ❋ সোনাভান বলে তবেআগে আইস তুমি ॥ আজি তেরা বেহার সাদ মেটাইব আমি ❋ একথা বলিয়া বিবি গর্জ্জিয়া উঠিল ॥ সে.রউপরে জেন বঘিনি ছুটীল ❋ মবারক বলে বিবি শুরু কৈল রন ॥ হানিফা বলেন আল্লা এ দেখি কেমন ❋ কিছুই না বলেবিবি যোরে জেয়ছা চাক ॥ হানিফার কাছে এসে মারে এক হাক ❋ এছা জোরে হাক মারে বিবি জে আপনি হানিফার জান লিয়া হৈল্ টানাটানি ❋ এইরূপে সোনাভান চারিদিকে খেড়ে ॥ হানিফ বলেন আল্লা কি হইল মোরে ❋ দায়েতে পাইয়া তারে বিবি সো[illegible] ॥ হানিফার কোমর ধরে মারে এক টান ❋ হানিফারে ওঠাইল আপনার জোরে ॥ শুন্ন ভরে ঘোমাইল ছেরের উপরে ❋ মাথার উপরে চাহে মারিতে কাছাড় ॥ বারেবার আসে নেড়ে চুর্ণকরি হাড় ❋ পটকান মারিতে বিবি ভাবে মনেমন ॥ দুইবার বাচিল যে ফাতেমার নন্দন ❋ নারিহৈয়া আমি যদি আছাড়িয়া মারি॥ লোকেতে বলিবে মন্দ পুরুষ বধ নারি ❋ সোনাভান বলে নেড়ে না লড়িবে আর ॥ এহাতে কলঙ্ক কিছু না হবে তোমার ❋ শুনে তে থাকিয়া হানিফা কহে এই বাত ॥ না ছাড়িব জঙ্গ আমি থাকিতে হায়াত ❋ আসক হইয়া আইনু টুঙ্গির সহরে ॥ আল্লার হুকুমে সাদি করিব তোমারে ❋ সোনাভান বলে সোন সাহা আলির বেটা ॥ জোরে তুমি জেমন তেমন কথায় বড় ঘটা ❋ তবে নাম সোনাভান খেয়াতি রাখিব ॥ সিন্ধকে ভরিয়া তুঝে দরিয়ায় ডালিব ❋ লোহার সিন্ধুক বিবী আনে টান দিয়া ॥ সিন্ধুকের মধ্যে তারে রাখিল পুরিয়া ❋ সিন্দুকের কুঞ্জি তালা দিলেক আটিয়া ॥ কহর দরিয়া মাঝে দিল ভাসাইয়া ❋ দরিয়ার বিচে হানিফা ভাসিতে লাগিল ॥ [illegible]ওজ [illegible] তাহা দেখিতে পাইল ❋ হানিফা দরিয়া বিচে জদি মারা জায় ॥ কান্দিবে মদিনার লোক করে হায়২ ❋ ফাতেমা আসিয়া [illegible] এইবাত পুছে ॥ কি বলে জওয়াব আমি দিব তার কাছে ❋ এতেক ভাবিয়া তবে সিন্ধুক

ধরিল ॥ সিন্দুক সমেত তারে কোলে উঠাইল ❋ সিন্দুকে থাকিয়া হানিফা আল্লাহ বলে ॥ খোওাজ খেজের বলে বৈস মোর কোলে ❋ খাতের জমা বৈস মর্দ্দ সিন্দুক ভিতর ॥ কিবা ছার নারি দেখে হইল কাতর ❋ ভুলিয়া আল্লার নাম দুঃখ পেলে এত ॥ সোনাভান পরে তুমি এত হলে রত ❋ আল্লার রহম আছে তোমার উপরে ॥ দরিয়াতে না মরিবে সোন সে খবর ❋ এই মত কথা যদি বলিল খোওাজ ॥ হানিফার কানে তার পৌছিল আওাজ ❋ হানিফা আরজ করে খোওাজের পায় ॥ কে তুমি আমা কাছে কহনা আমায় ❋ আমার কপালে আল্লা এই লিখে ছিল ॥ কহর দরিয়ায় বুঝি মউত হইল ❋ খোওাজ কহেন বাবা না ভাবিও তুমি ॥ আল্লার রাহেতে পোস্ত পানা আছি আমি ❋ জানিবে আমার নাম খোওাজ খেজের ॥ আমার কোলেতে আছ ভাবনা কিসের ❋ এইরূপে বাত চিত কয় দুই জনে ॥ হেথায় ফাতেমা বিবি দেখিল শ্বপনে ❋ শপনে দেখিয়া বিবিউঠে চমকিয়া ॥ আন্দেসা করেন বিবি এলাহি ভাবিয়া ❋ দোন আখে আছু ঝরে হানিফা লাগিয়া ॥ কিহইবে কোথা জাব কে দিবে আনিয়া ❋ কান্দিয়া আলির আগে কহে সমাচার ॥ শুনিয়া হজরত আলি হৈল বেকারার ❋ বারেবারে দুক্ষ দেয় সোনাভান নারি ॥ ওরাইয়া দিব তারে এত্তা বড়া জুরি ❋ কহর দরিয়ার মাঝে সিন্দুকের বিচে ॥ না জানি হানিফা মর্দ্দ কেমনেতে আছে লোহার সিন্দুক বিচে হানিফারে রাখে ॥ কুঞ্জি দিয়া ভাসাইলা স্বপনেতে দেখে ❋ রাওজা মোবারকে গিয়া কহে এই বাত ॥ দোওা কর হানিফার বাড়ুক হায়াত ❋ গায়েবি আওাজ দিয়া বলিল রছুল ॥ আল্লার দরগায় তেরা মনাজাত কবুল ❋ ওম্মর দারাজ তার ছালামতে আছে ॥ তল্লাশ করিতে তারে জাহ তার কাছে ❋ হেনকালে আইল দোন হাছেন হোছেন ॥ হানিফার বাত জত আলিকে পুছেন কহিল হজরত আলি দোন এমামেরে ॥ মহাম্মদ হানিফা গেল টুঙ্গির সহরে ❋ হানিফা লড়িতে ছিল সোনাভানের সাতে ॥ হানিফাকে ধরে বান্ধ ভরে সিন্দুকেতে ❋ সিন্দুকে ভরিয়া তাকে ফেলে দরিয়ায় কহর দরিয়া বিচে ভাসাইয়া বেড়ায় ❋ ছালামতে আছে মর্দ্দ আল্লার দোওায় ॥ টুঙ্গির সহরে গিয়া ঠেকিয়াছে দায় ❋ হাছেন হোছেন শুনে করে হায়হায় ॥ কেমনে পাইব মোরা দেখিতে তাহায় ❋ আলি কহিলেন আমি সেই দেশে জাব ॥ হানিফা কোথায় আছে নজরে

না কান্দিও আর * হানিফা তল্লাসে লোক পাঠাইব আমি ॥ তাহার কারনে আর না কান্দিবে তুমি * বলেন হজরত আলি দোন নামেরে মল্লিকা সমর্ত্তভান আর জৈগুনেরে * পাঠাইয়া দিব সবে টুঙ্গির সহর খাড়া২ হানিফার হইবে খবর * আওরতের সাতে জঙ্গ আওরতের কাম ॥ আমি মর্দ লড়ি তবে হইবে বদনাম * একথা শুনিয়া দোন করিল গমন ॥ প্রথমে মল্লিকার আগে দিল দরশন * এমাম কহেন সুন মাল্লিকা আকার ॥ বিদেশেতে মরে বুঝি খছম তোমার * আপনার খুবি চাহ জাহ নেকলিয়া ॥ হানিফারে আ গিয়া তল্লাস করিয়া * মল্লিকা কান্দিয়া কহে ভাই দুই জনে ॥ খছম মরিল মেরা জানিলে কেমনে * মল্লিকারে কহে বাত হাছেন হোছেন ॥ আমার মাতারি বিবী শ্বপনে দেখেন * তাহার জবানি শুনে আইনু চলিয়া ॥ সেতাবি খবর লেও তোমরা জাইয়া * একথা সুনিয়া বিবী ছাড়িল ঘর বাড়ী ॥ বিবি ফাতেমার বাড়ি গেল দড়বড়ি * এমাম হোছেন কহে সোন গিয়া তুমি ॥ সেতাবি সমর্ত্তভানে ডেকে আনী আমি * একথা সুনিয়া দোন করিল গমন ॥ সমর্ত্তভানের আগে দিল দরশন * আধিন রচিল পুথি রছুলে পায় ॥ কেয়ামতে তরাইবে আপনি খোদায় *

পয়ার ॥ হানিফারে দেখে সবে কান্দে জারে জার ॥ এত দুখ ছিল সাহেব কপালে তোমার * হানিফা কহেন তোমরা জাও সবে ঘরে ॥ আরবার লড়িব আমি আল্লা জাহা করে * মল্লিকা কহেন সাহেব হবে বেজার ॥ সোনাভানে দেখি মোরা কেয়ছা জোরওার * কহি সমর্ত্তভান মল্লিকা হুজুরে ॥ সোনভানে দেখে জাব মদিনা সহরে * তার পরে কহে তরে জৈগুন সুন্দরি ॥ বড়া জোর ধরে সেই সোনাভান নারি * কহিল সমর্ত্তভান এত জোর রাখে ॥ আমার সওামি মারে ডর নাহি তাকে * তবে নাম সমর্ত্তভান জগতে রাখিব ॥ বাম হাতে ধরে খোপা টানিয়া ছিড়িব * এ জদি নাহি করি আপনার বলে ॥ বাপের পয়দাস আমি নাহি কোনকালে * এই কথা বলে সবে হয়ে একস্তর ॥ জাইয়া মিরিল সবে সোনাভারে ঘর * জাইয়া বিবী মল্লিকা আকার ॥ বাহিরে আসিয়া দেখ বহিন * কালকের ছুড়ি তুমি হয়েছ ওান ॥ আসিয়াছি মোরা সবে দেখ বিদ্যমান * তুমিত বেগানা নাত বহিন ॥ কি হালেতে আছ বুবু কহ দেখি শুনি * সোনাভান বলে নেহে নাহি চিনি তোরে ॥ পরিচয় দাও

রাজার কন্যা আমি মল্লিকা আকার ❋ সোনাভান কহে তুমি কেসরম হৈয়া ॥ কুটুম্ব হইয়া এলে কেমন করিয়া ❋ জমরাজার ঘরে হৈলে নামে রাজার বেটি ॥ নিচুঘর জাত দিলে খেয়ে গোস্ত রুটী ❋ মল্লিকা কহেন আমি মজাইনু জাতি ॥ বুঝিনু জে সোনাভান তুই বড় সাতি ❋ আসিয়াছি মোরা সবে তোমার লাগিয়া ॥ বাহিরেতে আইস তুঝে জাইব দেখিয়া ❋ মেয়ে হয়ে মরদের গলে দাও ছুরি ॥ কত জোর রাখ দেখি সোনাভান নারি ❋ সোনাভান বাত শুনে জ্বলিয়া উঠিল ॥ গোশ্বায় মল্লিকা আগে জাইয়া পৌছিল ❋ সোনাভান বলে তোর কথায় জ্বলে গা ॥ তোর মত কত দাসি খাবে মোর পা ❋ গোস্বা হৈয়া সোনাভান এই কথা বলে ॥ মল্লিকা শুনিয়া বাত চড় মারে গালে ❋ চড় খেয়ে সোনাভান দেবে ধরে গলা ॥ মল্লিকা বলেন আল্লা একি হৈল জ্বালা হাতাহাতি করে দোন লড়ে জেন জম ॥ মস্ত হালে লড়ে দোন কেহ নহে কম ❋ এই মত লড়ে দোন কিছু নাহি খায় ॥ এছাই বাইস রোজ গোজারিয়া জায় ❋ জেগুন হাকিয়া বলে মল্লিকারে বাত ॥ আর না লড়িবে তুমি সোনাভানের সাত ❋ লড়িতে জাইব আমি জা করে খোদায় ॥ চুল ধরে লিয়া তুঝে জাব মদিনায় ❋ এতেক বলিয়া বিবি কোমর বান্ধিল ॥ সোনাভানে আগে গিয়া হাজের হইল ❋ জৈগুন কহিল হেকে শোন সোনাভান॥কলেমা পড়িয়া তুমি হও মুছলমান ❋ সোনাভান বলে বিবি সোনগো জৈগুন ॥ তোমার কোথায় মোর জলিল আগুন ❋ একথা বলিয়া বিবী গর্জ্জিয়া উঠিল ॥ হরিণি উপরে জেন বাঘিনী ছুটিল ❋ হাতাহাতি করে দোন কেহ নাহি ছাড়ে ॥ বাঘ আর মহিসেতে দুইজনে লড়ে ❋ এইরূপে লড়ে দোন কিছুই না খায় রাত দিন আট রোজ গোজারিয়া জায় ❋ রাত দিন লড়ে দোন হয়ে গলাগলি ॥ দেখিয়া গর্জ্জিয়া উঠে সমর্ত্তভান বিবি ❋ সমর্ত্তভান কহে তুমি সোনগো জৈগুন ॥ তোমার লড়াই দেখে জলিল আগুন ❋ কি প্রকার লড় তুমি বুঝিতে না পারি ॥ দুইজনের সাতে লড়ে সোনাভান নারি ❋ সোনাভান শুনিয়া কথা উঠীল জলিয়া ॥ সমর্ত্তভানের তরে কহে ডাক দিয়া ❋ তুমিজনি সমর্ত্তভান এত জোর রাখ ॥ এদের পাঠায়ে তোশাঘরে বসে থাক ❋ খিমার ভিতরে তুমি রহিলে বসিয়া মিছা সাট কর খালি ঘরেতে বসিয়া ❋ সমর্ত্তভান বলে আমি সহিতে না পারি ॥ জেই বাত বলে মোরে সোনাভান নারি ❋ একথা

আল্লাকে ইয়াদ করে চলিল ময়দ নে ॥ জৈগুনে ফিরিয়া আইল হানিফা জেখানে * আসিয়া ধরিল বিবি সোনাভানের তরে ॥ বাঘের শিকার জেন ছাগল উপরে * আল্লার নামেতে তার হয়ে গেল জয় ॥ জোরেতে ধরিয়া তারে মারিয়া গেরায় * হানিফা কান্দিয়া বলে সোমর্ত্তভান তরে ॥ জার তরে এত দুক্ষ খুন কৈলে তারে * সোনাভানে আজ জদি মার একেবারে ॥ সোনাভান মরিলে আমি বেহা করি কারে * মল্লিকা দেখিয়া কহে সমর্ত্তভানেরে ॥ জার তরে এত দুক্ষ খুন কৈলে তারে * সওামি আসক হয়ে লড়ে বারেবার ॥ মাসুকে মারিলে তার হবে গোনাগার * মল্লিকার কথা শুনি হুসিয়ার হইল ॥ সোনাভানের তরে তবে কহিতে লাগিল * কি হইবে সোনাভান কহগো আমারে ॥ সাওামি আসক আছে তোমার উপরে * খুসিহালে হও জদি সওামির পিয়ারি ॥ তবেত তোমার তবে নাহি আমি মারি * সোনাভান বলে বিবি কহি জে তোমায় ॥ নবির কলেমা তোমরা পড়াও আমায় * কলেমা পড়িয়া আমি দাসি হয়ে রব ॥ তোমাদের সতে আমি মদিনাতে জাব * একথা সুনিয়া সবে খোসাল হইল ॥ হানিফার কাছে সবে জাইয়া কহিল * সোন২ পাহালওান মোবারক বাদি ॥ সোনাভান কবুল আছে দিব তোমার সাদি * হানিফা কহেন সোন সমর্ত্তভান বিবি ॥ সোনাভানের পাসে বৈস দেখা জাউকখুব * বাঘের মতন চোক আড়ে২ চায় ॥ সোনাভানে দেখে মোর প্রান উড়ে জায় * একথা শুনিয়া তারা হাসিয়া উঠিল ॥ সোনাভানের চারিদিকে ঘিরিয়া বসিল তিন বিবি আরজ করে হাত উঠাইয়া ॥ হুজুরের কাজি আল্লা দেহ পাঠাইয়া * কবুল হইল দোওা আল্লার দরগায় ॥ হানিফার সাদি দিতে ফেরেস্তা পাঠায় * আসা হাতে খেলকা গায় আইল একজন হানিফার কাছে গিয়া দিল দরশন * ফকির জানিয়া হানিফা ছালাম জানায় ॥ দোওা করে জেবরাইল দও দিয়া গায় * ফকিরের আগে মর্দ্দ করে তাকাইয়া ॥ আপনি আমার সাদি দেহ পড়াইয়া * এ কথা শুনিয়া পির কলেমা পড়ায় ॥ বুড়িকে ডাকিয়া মর্দ্দ এই বাত কয় * বাদসাই করহ বুড়ি তক্ত পরে বৈসে ॥ আমরা চলিয়া জাই২ আপনার দেশে * সোনাভান লয়ে সবে করিল গমন ॥ মদিনা সহরে গিয়া দিল দরশন * আল্লা২ বল সবে জত মমিনগন ॥ তামাম হইল পুথি সোন সর্ব্বজন *

* ইতি তামাম সোদ *

কেতাবের বিজ্ঞাপন

দাওয়াতে মছনুনা	*	বেনামাজি নারি
তাজ ছোলেমানী	*	তেলেছমাত ছোলেমানী
নেয়ামতে দুনিয়া	*	চামানে খাওবাহার
ফানায় দুনিয়া	*	ছাখাওত নামা
কমলাপরী জানেজাহা	*	স্নেহ ফরিদ
সাহাজাদার পুথী	*	দেল দেওয়ানা
এলাজল ফোকারা	*	মেছবাহল এলছাম
ললিতার পুথী	*	খএর বরকত
চৌদ্দ উজির	*	জিন্নতল কুঞ্জি
আহকামল মোছলেমিন	*	দেও নামা
সুরুজ জামালগাজী	*	নক্সে ছোলেমানী
হাদিছ আরবাইন	*	ছহি তালেনামা
আখেরি জমানা	*	নছিহতন্নেছা
দুলা দুলহেনের খেলা	*	পীলতন রোস্তম
আজাএবল ওজুদ	*	ছেরাতল মোমেনিন
হেরজে ছোলেমানী	*	রশন্নেছা
তজহিজ তকফিন	*	বিরাগুরু
ওস্মর ওস্মিয়া	*	হীরক খনি
আহকামচ্ছালাত	*	খএবর জঙ্গনামা
মৌলুদ শরিফ	*	কেছাছল আম্বিয়া
আজাএব ছোলেমানী	*	শরেবেকায়া
কুটু মিঞা	*	আলেফ লাএলা
মওত নামা	*	কেয়ামত নামা

আমার দোকানে আরবী, ফারছী, উর্দ্দু, বাঙ্গালা পুথী পুস্তক ও স্কুলের পাঠ্য বই, শ্রীহট্ট নাগরী মাদ্রাসার কেতাবাদি অতি সুলভ মূল্যে পাওয়া যায়। পত্র লেখিলে ভিঃ পিতে ও অতি সুলভ দরে শীঘ্রই পাঠাইয়া থাকি। পরীক্ষা প্রার্থনীয়।

আলিউল্লাহ, চক বাজার চওকের মসজিদ
ঢাকা—উক্ত মসজিদের নীচে কেতাবের দোকান।